রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, আগস্ট ৩১, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**চেয়ারম্যানের কার্যালয়**
**নিম্নতম মজুরী বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ০৩ ভাদ্র, ১৪২৩ বঙ্গাব্দ/১৮ আগস্ট, ২০১৬ খ্রিস্টাব্দ

**নং নিমবো/নিমনি/হোটেল/২০১৬/৩৬৭**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯(১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮(১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক "হোটেল এণ্ড রেস্টুরেন্ট" শিল্প সেক্টরে নিয়োজিত সকল শ্রেণির শ্রমিকের নিম্নতম মজুরী হারের খসড়া সুপারিশ, ২০১৬ জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত "হোটেল এণ্ড রেস্টুরেন্ট" শিল্প সেক্টরে নিয়োজিত সকল শ্রেণির শ্রমিকের নিম্নতম মজুরী হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোন আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে উক্ত আপত্তি বা সুপারিশ লিখিতভাবে বাংলাদেশ গেজেটে বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ২২/১, তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ করিবেন।

**মোঃ আলী হায়দার**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

## "হোটেল এণ্ড রেস্টুরেন্ট" শিল্প
## খসড়া সুপারিশ-২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, অধিশাখা-৬ কর্তৃক পত্র সংখ্যা ৪০.০০.০০০০.০১৬.৩৯.০০১.১৬-৪৯ তারিখ : ৩০ মার্চ ২০১৬খ্রিঃ মূলে "হোটেল এণ্ড রেস্টুরেন্ট" শিল্প সেক্টরে নিয়োজিত সকল শ্রেণির শ্রমিকের নিম্নতম মজুরী হার সুপারিশ করার জন্য নিম্নতম মজুরী বোর্ডকে নির্দেশ দেওয়া হয় এবং উক্ত শিল্প সেক্টরে প্রতিনিধিত্ব করার জন্য এস, আর, ও নং ৪৮-আইন/২০১৬ তারিখঃ ১৮ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ/০১ মার্চ ২০১৬খ্রিঃ এবং সোমবার, মার্চ ৭, ২০১৬ খ্রিঃ তারিখ এর প্রজ্ঞাপন দ্বারা "হোটেল এণ্ড রেস্টুরেন্ট" শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও উক্ত শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড "হোটেল এণ্ড রেস্টুরেন্ট" শিল্প সেক্টরে নিয়োজিত সকল শ্রেণির শ্রমিকের নিম্নতম মজুরী হার সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে ঢাকায় অবস্থিত প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল, পিকিং গার্ডেন এন্ড থাই চাইনিজ রেস্টুরেন্ট ও ক্যাফে বৈশাখী রেস্তোরা "হোটেল এণ্ড রেস্টুরেন্ট" শিল্প সরেজমিনে তদন্ত করতঃ তথ্য-উপাত্ত সংগ্রহ করেন এবং একাধিক বৈঠকে মিলিত হন। অত্র বোর্ড "হোটেল এণ্ড রেস্টুরেন্ট" শিল্প সেক্টরে কর্মরত সকল শ্রেণির শ্রমিকের নিম্নতম মজুরীর হার সুপারিশের নিমিত্ত শ্রমিকদের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় বিবেচনা করিয়া বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৩৯ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত খসড়া সুপারিশ পেশ করিতেছেন :

১। বাংলাদেশে অবস্থিত "হোটেল এণ্ড রেস্টুরেন্ট" শিল্প সেক্টরে নিয়োজিত সকল শ্রেণির শ্রমিকের বিভিন্ন পদবী, কাজের ধরন ও প্রকৃতি, চাকুরীকাল, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি বিবেচনাক্রমে শ্রমিকদের জন্য গ্রেড-১ উচ্চতর দক্ষ, গ্রেড-২ দক্ষ, গ্রেড-৩ আধা-দক্ষ ও গ্রেড-৪ অদক্ষ এই ০৪ (চার) শ্রেণিতে ও কর্মচারীদের জন্য যথাক্রমে গ্রেড-১, গ্রেড-২ ও গ্রেড-৩ এই ০৩ (তিন) শ্রেণিতে বিভক্ত করিয়া পদবিন্যাস ও শ্রেণিবিভাগ করা হয় যাহা এতদ্সঙ্গে সংযোজিত তফসিল "ক" ও "খ" এ বলা হইয়াছে। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোন পদ যদি কখনও সংশ্লিষ্ট শিল্পে সংযোজিত হয়, তবে উহা যথাযথ গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

২। "হোটেল এণ্ড রেস্টুরেন্ট" শিল্প সেক্টরে কর্মরত শ্রমিক ও কর্মচারীগণের জন্য মাসিক ভিত্তিতে নিম্নতম মজুরী নির্ধারণ করা হয় যাহা সংযোজিত তফসিল "ক" ও "খ" এ বলা হয়েছে।

৩। যদি "হোটেল এণ্ড রেস্টুরেন্ট" শিল্প সেক্টরের মালিকগণ ফুরণভিত্তিক (Piece Rate) মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

৪। তফসিল "ক" ও "খ" এ উল্লিখিত নিম্নতম মজুরী ও সুবিধাদি বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "হোটেল এণ্ড রেস্টুরেন্ট" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

৫। এই সুপারিশ ঘোষণার পর হইতে "হোটেল এণ্ড রেস্টুরেন্ট" শিল্প সেক্টরের মালিকগণ তফসিল "ক" ও "খ" এ বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীদেরকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করিবেন এবং মজুরী স্লিপ প্রদান করিবেন।

৬। তফসিল "ক" ও "খ" এ উল্লিখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে, অর্থাৎ, প্রদেয় মজুরী ঘোষিত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিকহারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা কর্মচারীদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। "হোটেল এণ্ড রেস্টুরেন্ট" শিল্প সেক্টরে যদি কোন শ্রমিক কন্ট্রাক্টর/ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ২(৬৫) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন। উক্ত নিয়োগকারী কন্ট্রাক্টর/ঠিকাদার মালিকের ন্যায় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ মোতাবেক একই ব্যবস্থা গ্রহণ করিবেন। উক্ত শিল্প সেক্টরে কোন শ্রমিকের কন্ট্রাক্টর/ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে কোন সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। কন্ট্রাক্টর/ঠিকাদার নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক শ্রমিকদের জন্য ঘোষিত মজুরী অপেক্ষা কোনক্রমেই কম মজুরী প্রদান করিতে পারিবেন না।

৮। "হোটেল এণ্ড রেস্টুরেন্ট" শিল্প সেক্টরের তফসিল "ক" ও "খ" এ উল্লিখিত শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যেই গ্রেডে আছেন সে গ্রেডেই স্থলাভিষিক্ত করিয়া তাহাদের স্ব স্ব মজুরী সুপারিশকৃত মজুরী অনুযায়ী নির্ধারিত হইবে। কোন শ্রমিক ও কর্মচারীকে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৯। "হোটেল এণ্ড রেস্টুরেন্ট" শিল্প সেক্টরে কর্মরত শ্রমিক ও কর্মচারীগণ গেজেট প্রকাশের তারিখ হইতে ০১ (এক) বছর পর মূল মজুরীর ৫% বৃদ্ধির সুবিধা পাইবে।

১০। তফসিল "ক" ও "খ" এ উল্লিখিত নিম্নতম মজুরী ও সুবিধাদি ছাড়াও শ্রমিক ও কর্মচারীগণ কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যেসব সুযোগ-সুবিধা/ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩৩৬ মোতাবেক বলবৎ থাকিবে।

১১। এই সুপারিশের কোন অংশ প্রচলিত আইনের সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশটুকু বাতিল বলিয়া গণ্য হইবে।

১২। কার্যকাল দেশের প্রচলিত/প্রযোজ্য শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

স্বাক্ষরিত/-
**(মোঃ আলী হায়দার)**
**চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)**
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

স্বাক্ষরিত/-
**(অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন)**
নিরপেক্ষ সদস্য

স্বাক্ষরিত/-
**(কাজী সাইফুদ্দীন আহমদ)**
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

স্বাক্ষরিত/-
**(ফজলুল হক মন্টু)**
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

স্বাক্ষরিত/-
**(মোঃ রুহুল আমিন)**
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

স্বাক্ষরিত/-
**(মোঃ আহসান হাবীব মোল্লা)**
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

## তফসিল "ক"

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | হোটেল ও রেস্টুরেন্টের শ্রেণিবিভাগ | মূল মজুরী | বাড়ীভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরীর ৫০%, জেলা শহরে মূল মজুরীর ৪৫% এবং থানা ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরী |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| গ্রেড-১ : উচ্চতর দক্ষ | (প্রথম শ্রেণি) বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ১২০০০/ | ৬০০০/ | ৪০০/ | ৫০০/ | ১৮৯০০/ |

১। প্রধান পাচক (বাবুর্চি)
২। বাবুর্চি (বাংলা)
৩। বাবুর্চি (চাইনিজ)

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-২ : দক্ষ | (প্রথম শ্রেণি) বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৬০০০/ | ৩০০০/ | ৪০০/ | ৫০০/ | ৯৯০০/ |
| | (দ্বিতীয় শ্রেণি) জেলা শহর | ৪৮০০/ | ২১৬০/ | ৪০০/ | ৪০০/ | ৭৭৬০/ |
| | (তৃতীয় শ্রেণি) থানা ও অন্যান্য এলাকায় | ৩৬০০/ | ১৪৪০/ | ৪০০/ | ৩০০/ | ৫৭৪০/ |

১। মিষ্টি স্পেশাল কারিগর
২। নাস্তা কারিগর
৩। রুটি কারিগর
৪। কাবাব কারিগর
৫। গ্রীল কাবাব কারিগর
৬। ফালুদা/লাচ্ছি কারিগর
৭। কারিগর (মিষ্টি)
৮। কারিগর (রুটি পরোটা)
৯। দই কারিগর
১০। চটপটি কারিগর
১১। সরমা কাবাব কারিগর
১২। চা/কফি/হ্যান্ডি কারিগর

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-৩ : আধা-দক্ষ | (প্রথম শ্রেণি) বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৩৬০০/ | ১৮০০/ | ৪০০/ | ৫০০/ | ৬৩০০ |
| | (দ্বিতীয় শ্রেণি) জেলা শহর | ৩০০০/ | ১৩৫০/ | ৪০০/ | ৪০০/ | ৫১৫০/ |
| | (তৃতীয় শ্রেণি) থানা ও অন্যান্য এলাকায় | ২৪০০/ | ৯৬০/ | ৪০০/ | ৩০০/ | ৪০৬০/ |

১। বাবুর্চি [সহকারী (পুরুষ)]

২। বাবুর্চি [সহকারী (মহিলা)]

৩। সহকারী নাস্তা কারিগর

৪। সহকারী রুটি কারিগর

৫। সহকারী কাবাব কারিগর

৬। সহকারী গ্রীল কাবাব কারিগর

৭। সহকারী ফালুদা/লাচ্ছি কারিগর

৮। সহকারী মিষ্টি স্পেশাল কারিগর

৯। সহকারী কারিগর (মিষ্টি)

১০। সহকারী দই কারিগর

১১। সহকারী সরমা কাবাব কারিগর

১২। সহকারী চা/কফি/হ্যান্ডি কারিগর

১৩। ওয়েটার

১৪। মেট (পুরুষ)

১৫। মেট (মহিলা)

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-৪ : অদক্ষ | (প্রথম শ্রেণি) বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৩০০০/ | ১৫০০/ | ৪০০/ | ৫০০/ | ৫৪০০/ |
| | (দ্বিতীয় শ্রেণি) জেলা শহর | ২৪০০/ | ১০৮০/ | ৪০০/ | ৪০০/ | ৪২৮০/ |
| | (তৃতীয় শ্রেণি) থানা ও অন্যান্য এলাকায় | ২১৫০/ | ৮৬০/ | ৪০০/ | ৩০০/ | ৩৭১০/ |

১। পার্সেল বয়

২। ডিস ওয়াস বয়

৩। গ্লাস বয়

৪। টেবিল বয়

৫। ক্লিনার/ঝাড়ুদার

৬। কারিগর বয়

৭। সহকারী ওয়েটার

৮। অন্যান্য সাহায্যকারী

● **শিক্ষানবিস ঃ**

শিক্ষানবিসীকাল একজন শ্রমিক মাসিক সর্বসাকুল্যে=৩২০০/ (তিন হাজার দুইশত) টাকা পাইবেন। তাহার শিক্ষানবিসীকাল হইবে ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন দক্ষ শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোন কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়। শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে তিনি সংশ্লিস্ট শ্রেণিতে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

**তফসিল "খ"**

| কর্মচারী পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | হোটেল ও রেস্টুরেন্টের শ্রেণিবিভাগ | মূল মজুরী | বাড়ীভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরীর ৫০%, জেলা শহরে মূল মজুরীর ৪৫% এবং থানা ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরী |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| গ্রেড-১ : | (প্রথম শ্রেণি) বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৬০০০/ | ৩০০০/ | ৪০০/ | ৫০০/ | ৯৯০০/ |
| | (দ্বিতীয় শ্রেণি) জেলা শহর | ৪৮০০/ | ২১৬০/ | ৪০০/ | ৪০০/ | ৭৭৬০/ |
| | (তৃতীয় শ্রেণি) থানা ও অন্যান্য এলাকায় | ৪৪০০/ | ১৭৬০/ | ৪০০/ | ৩০০/ | ৬৮৬০/ |

১। সিনিয়র হিসাব সহকারী

২। সিনিয়র স্টোর কিপার

৩। সিনিয়র টাইপিস্ট/সিনিয়র কম্পিউটার অপারেটর

৪। সিনিয়র ক্লার্ক

৫। সিনিয়র ক্যাশিয়ার

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-২ : | (প্রথম শ্রেণি) বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৪৪০০/ | ২২০০/ | ৪০০/ | ৫০০/ | ৭৫০০/ |
| | (দ্বিতীয় শ্রেণি) জেলা শহর | ৪০০০/ | ১৮০০/ | ৪০০/ | ৪০০/ | ৬৬০০/ |
| | (তৃতীয় শ্রেণি) থানা ও অন্যান্য এলাকায় | ৩৬০০/ | ১৪৪০/ | ৪০০/ | ৩০০/ | ৫৭৪০/ |

১। হিসাব সহকারী

২। সহকারী স্টোর কিপার

৩। সহকারী টাইপিস্ট/সিনিয়র কম্পিউটার অপারেটর

৪। সহকারী ক্লার্ক

৫। সহকারী ক্যাশিয়ার

৬। টেলিফোন অপারেটর

৭। ড্রাইভার

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-৩ : | (প্রথম শ্রেণি) বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৩০০০/ | ১৫০০/ | ৪০০/ | ৫০০/ | ৫৪০০/ |
| | (দ্বিতীয় শ্রেণি) জেলা শহর | ২৪০০/ | ১০৮০/ | ৪০০/ | ৪০০/ | ৪২৮০/ |
| | (তৃতীয় শ্রেণি) থানা ও অন্যান্য এলাকায় | ২১৫০/ | ৮৬০/ | ৪০০/ | ৩০০/ | ৩৭১০/ |

১। দারোয়ান

২। চৌকিদার/পিয়ন

৩। নাইট গার্ড

৪। সুইপার

৫। মালী

৬। গাড়ী চালক হেলপার

● **শিক্ষানবিস ঃ**

শিক্ষানবিসীকালীন একজন কর্মচারী মাসিক সর্বসাকুল্যে=৩২০০/ (তিন হাজার দুইশত) টাকা পাইবেন। তাহার শিক্ষানবিসীকাল হইবে ০৬ (ছয়) মাস। শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে তিনি সংশ্লিষ্ট গ্রেডে স্থায়ী কর্মচারী হিসাবে নিয়ুক্ত হইবে।

● **অন্যান্য সুবিধাদি ঃ**

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এ বর্ণিত সংশ্লিষ্ট ধারা অনুযায়ী প্রাপ্য হইবেন।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd